

Times Today BD

ডেস্ক রিপোর্ট | জাতীয় | 26 June, 2025

স্বরাষ্ট্র উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল (অব.) মো. জাহাঙ্গীর আলম চৌধুরী বলেছেন,

“কোনো দেশের উন্নতির প্রধান শক্তি হলো কর্মক্ষম যুবসমাজ। আধুনিক প্রযুক্তিনির্ভর শিক্ষায় দক্ষ এই যুবশক্তিই জাতিকে উন্নতির শিখরে নিয়ে যেতে পারে।”

বৃহস্পতিবার (২৬ জুন) সকালে রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে ‘মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস ২০২৫’ উপলক্ষে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর আয়োজিত আলোচনা সভায় তিনি এসব কথা বলেন।

তিনি বলেন,

“বাংলাদেশের ইতিহাসে যখনই বৈষম্য ও বঞ্চনা এসেছে, তারুণ্যই প্রতিরোধ গড়েছে। উন্নত রাষ্ট্র গঠনে তারুণ্যের অবশ্যই মাদকমুক্ত রাখতে হবে।”

তিনি মাদক চোরাচালানে নারী, শিশু ও কিশোরদের ব্যবহারে গভীর উদ্বেগ প্রকাশ করে বলেন, এটি ভয়াবহ সামাজিক সংকট তৈরি করছে।

“নতুন ধরনের সিনথেটিক ড্রাগস মোকাবিলায় কৌশলগত নজরদারি ও আইনগত ব্যবস্থা জোরদার করা হয়েছে।”

স্বরাষ্ট্র উপদেষ্টা আরও জানান,

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের জন্য অস্ত্র সংগ্রহ ও ব্যবহার নীতিমালা-২০২৪ প্রণয়ন করা হয়েছে

প্রথম ব্যাচের প্রশিক্ষণ ইতোমধ্যে সম্পন্ন হয়েছে

সাতটি বিভাগীয় শহরে নিরাময় কেন্দ্র নির্মাণে ১,৪০০ কোটি টাকার প্রকল্প একনেকে অনুমোদিত

মাদকাসক্তদের জন্য পৃথক কারাগার নির্মাণেরও পরিকল্পনা রয়েছে

আলোচনায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্বরাষ্ট্র মন্ত্রণালয় সংক্রান্ত প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী মো. খোদা বখস চৌধুরী ও স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সিনিয়র সচিব নাসিমুল গনি।

সিনিয়র সচিব বলেন,

“মাদক দেশের অভ্যন্তরে উৎপাদিত হয় না, পাশ্ববর্তী দেশগুলো থেকে পাচার হয়ে আসে।

সরবরাহ বন্ধে সীমান্তবর্তী জেলাগুলোতে আইনশৃঙ্খলা বাহিনীকে তৎপর হতে হবে।”

অনুষ্ঠানে মাদকবিরোধী কার্যক্রমের একটি ডকুমেন্টারি প্রদর্শন করা হয়।

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর স্বরাষ্ট্র উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল (অব.) মো. জাহাঙ্গীর আলম চৌধুরী তারুণ্য মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস ২০২৫